উপজেলা পরিষদ
হাতীবান্ধা, লালমনিরহাট।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **হাতীবান্ধা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।** |
| মাসের নাম | : | নভেম্বর, ২০২২ |
| সভাপতি | : | জনাব মশিউর রহমান মামুন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| সহান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| তারিখ | : | ৩০-১১-২০২২ খ্রি. |
| সময় | : | দুপুর ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- ''ক'' এবং অনুপস্থিতি পরিশিষ্ট - ''খ'' এ দেখানো হলো। |

সভার প্রারম্ভে হাতীবান্ধা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভার সভাপতি জনাব মশিউর রহমান মামুন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি উপজেলা নি অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট শুরুতে সদস্যগণকে স্বাগত জানান এবং তিনি গত সভার কার্যবিবরণী পড়ে শুনান। উক্ত কার্যবিবর কোন সংশোধনী না থাকায় তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরে তিনি উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার জন্য সভায় উপস্থিত দপ্তর প্রধান/প্রতিনিধিকে অনুরোধ জানান। সভায় নিম্ন বিভাগ/দপ্তরসমূহের বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য অধিদপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় স্বাস্থ্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। পূর্ববর্তী সিদ্ধান্তসমূহ বহাল রাখার জন্য সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | স্বাস্থ্য অধিদপ্তরের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা | উপজেলা স্বাস্থ্য ও প কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনির |
| ২. | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর** | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট এর প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা পরিদর্শক ধীরেশ্বর সিংহ সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বভাবিকভাবে চলছে এবং অত্র দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের প্রকল্প বাস্তবায়নসহ গত সভার সিদ্ধান্তই বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) যে সকল বিষয়ে কার্যক্রম মাসিক লক্ষ্যমাত্রার চেয়ে কম অর্জিত হয়েছে সে সকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পন কর্মকর্তা, হাতীবান্ধা, লালম |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান কৃষি বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন যে, অত্র উপজেলায় সারের কোন প্রকার সংকট নাই। চলতি মৌসুমে ৪৫০ মেট্রিক টন ইউরিয়া সার, ৩৫ মেট্রিক টন এমওপি সার বরাদ্দ রয়েছে এবং ইতিমধ্যে ৪১০ মেট্রিক টন ইউরিয়া সার কৃষকদের মাঝে বিক্রয় করা হয়েছে। তাই কৃষকদেরকে আতংকিত না হওয়ার জন্য সাংবাদিকদের মাধ্যমে পরামর্শ প্রদান করেন। বোরো/উফশী চাষের জন্য সরকার কর্তৃক প্রনোদোনা অব্যাহত রয়েছে। এছাড়া সার ডিলারগণ কৃষি অফিসের প্রতিনিধিগণের উপস্থিতিতে সার বিক্রয় করেন বলে জানান। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই। | (১) কৃষি উপর প্রনোদনা দেয়া এবং কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ইউনিয়ন পরিষদে দাপ্তরিকভাবে পরামর্শ কেন্দ্র স্থাপন করতে হবে।<br>২) সারে ভর্তুকিসহ উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে যাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৩) এমওপি সারের সংকটের বিষয়টি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৪. | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় সমাজসেবা বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। তিনি জানান যে, বর্তমানে নতুন বয়স্ক ভাতা ও স্বামী নিগৃহীতা/বিধবা ভাতা কার্যক্রম সরকার কর্তৃক বন্ধ রাখা হয়েছে এবং পূর্বে দাখিলকৃত সকল তালিকা ডাটাবেজের কাজ সম্পন্ন করে অধিদপ্তরে পাঠানো হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) উপজেলা সমাজসো বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ বিকাশের ত্রুটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) বিকাশে বিধবাভাতাসহ অন্যান্য ভাতা পেমেন্টের অভিযোগ ও মুক্তিযোদ্ধা বীর নিবাসের যাচাই-বাছাই আলাদাভাবে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২)ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ৫. | মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, মৎস্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। আলোচনান্তে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত পুনঃ বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | কোন মাছ ব্যবসায়ী বা আড়তদার পচা, খাবার অনুপযোগী মাছের ক্রয়-বিক্রয় করতে না পারেন সে লক্ষ্যে মাছ ব্যবসায়ী ও মৎস্যচাষীদের পরামর্শ প্রদান এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযান পরিচালনা করতে হবে এবং মাছের পোনা সরবরাহসহ মৎস্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৬. | প্রাণি সম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান গত ১৪/১১/২০২২খ্রিঃ তারিখে নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২০ (বিশ) জন খামারির মাঝে ভেড়া বিতরন করা হয়েছে। উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় পিজি গ্রুপে সাংগঠনিক কাঠামোর জন্য নিয়মিত মাসিক মিটিং পরিচালনা করা হচ্ছে এবং এপিএ অনুযায়ি অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | স্বাস্থ্য অধিদপ্তরের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হলো। | -- |
| ৭. | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আওতায় টিআর, কাবিখাসহ ০৩টি গার্ডার ব্রীজের কাজ চলমান রয়েছে। সরকার কর্তৃক বাস্তবায়িত ১১টি ইউনিয়নে ইউজিপি/৪০ দিনের কর্মসূচীর কাজ ইতিমধ্যে আরম্ভ করা হয়েছে এবং অত্র উপজেলায় ০১কিঃমিঃ এইচবিবি রাস্তা বরাদ্দ হওয়ায় তা বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়ার সিডিউল বিক্রয় চলছে যা অদ্য ৩০/১১/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত চলমান থাকবে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১) বীর নিবাসসহ নতুন ও চলমান প্রকল্পসহ ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহ মেরামত/পুনঃনির্মাণের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২) বন্যায় ক্ষতিগ্রস্থদের মধ্যে সিলিপের টাকা ও চাল বিতরণ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৮. | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় শিক্ষা অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। পূর্ববর্তী সিদ্ধান্তসমূহ বহাল রাখার জন্য সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) প্রাথমিক বিদ্যালয়ে গুণগত শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি বিদ্যালয় উন্নয়নসহ অন্যান্য কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) স্কুলসমূহ নিয়মিত পরিদর্শন করে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি বাবদ কোন বরাদ্দ আসেনি। তিনি মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বরাদ্দ অনুযায়ী ট্রেনিং প্রোগ্রাম চলছে। কিশোর-কিশোরী ক্লাব আছে। আলোচনান্তে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম পরিচালনাসহ নিয়মিত সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম পরিচালনাসহ নিয়মিত সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক হাতীবান্ধা, লালমনিরহাট |
| ১০. | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। বিধায় যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের পূর্ববর্তী মাসের সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | যুব উন্নয়ন বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার নিমিত্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন হাতীবান্ধা, লালমনিরহাট |
| ১১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের এডিপির অর্থ দ্বারা ২০২২-২৩ অর্থ বছরের জন্য বিভিন্ন উৎস হতে প্রাপ্ত প্রকল্প সমূহ যাচাই-বাছাই পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং খুব শীঘ্রই টেন্ডার প্রক্রিয়ায় যাওয়া যাবে। তিনি আরও জানান যে, প্রকৌশল বিভাগের ০৩টি স্কুলের কাজ চলমান রয়েছে। প্রভাতি প্রকল্পের আওতায় রাস্তার কাজ টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে এবং সানিয়াজান ইউনিয়নে একটি রাস্তা নির্মানের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে। আলোচনান্তে প্রকৌশল বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাটকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) প্রকৌশল বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br><br>(২) ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প আগামী মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ রাবর জমা দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, এ হাতীবান্ধা, লালমনিরহাট |
| | | **(২) ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/ সংস্কারঃ** সভায় মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য ১০/০৮/২০২১খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.১৮.০২.০০০১.১৯.২৬নং স্মারকে অনুরোধ জানানো হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী সভায় উল্লেখ করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী বলেন মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদসমূহের প্রাক্কলন প্রস্তুত করত: জেলা প্রশাসক মহোদয় বরাবর অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলনসহ প্রতিবেদন জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয় বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করার হয়েছে। | -- | মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলন প্রস্তুত করত: জেলা প্রশাসক মহোদয় বরাবর অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলনসহ প্রতিবেদন জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয় বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করার হয়েছে। অনুমোদনসহ বরাদ্দ পাওয়া গেলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অ হাতীবান্ধা, লালমনিরহাট<br>(২) উপজেলা প্রকৌশলী হাতীবান্ধা, লালমনিরহাট |
| | | (৩) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সংগে আন্তঃ ইউনিয়ন সংযোগ রাস্তা ও ইউনিয়ন হতে উপজেলা শহরের সাথে যোগাযোগ ব্যবস্থা উন্নত করার জন্য উপজেলার সর্বমোট ১৩৭টি গুরুত্বপূর্ণ রাস্তা Roads Inventoriএর তালিকায় অর্ন্তভুক্তি করা প্রয়োজন। রাস্তাগুলোর নাম পরিশিষ্ট-“ক”-এ দেখানো হলো। বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট কে অনুরোধ জানানো হয়। | -- | উপজেলার সর্বমোট ১৩৭টি গুরুত্বপূর্ণ রাস্তা Roads Inventori এর তালিকায় অর্ন্তভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট কে দায়িত্ব প্রদান করা হয়। | (১) উপজেলা প্রকৌশলী এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট। |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১২. | ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (২০১৯-২০)**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জিওবি ও জাইকার সহায়তায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলার অনুমোদিত ০২টি উপ-প্রকল্পের মধ্যে ইতিমধ্যেই ০২টি প্যাকেজেরই অবকাঠামো উপ-প্রকল্প INF-2019-20-555233-01, (Supplying & instalation of Centeral Oxyzen at Health Compiex Under JAICA & GOV Upazila Governance & Devlopment Project UGDP Hatibandha Upazila, Dist: Lalmonirhat নির্মাণ কাজ ঠিকাদার কর্তৃক ডিজাইন, প্রাক্কলন ও স্পেসিপিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে। প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট বিলের পরিমাণ=৯,৭৩,০১১/- (নয় লক্ষ তেহাত্তর হাজার এগার) টাকা মাত্র। এছাড়া অবকাঠামো উপ-প্রকল্প INF-2019-20-555233-02, (Supplying & instalation Solar street Light from Chusona Chattar to Dighirhat & The main road/Bazar/Important places Under JAICA & GOV Upazila Governance & Devlopment Project UGDP Hatibandha Upazila, Dist: Lalmonirhat নির্মাণ কাজ ঠিকাদার কর্তৃক ডিজাইন, প্রাক্কলন ও স্পেসিপিকেশন অনুযায়ী সম্পন্ন হওয়ায় প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট বিলের পরিমাণ=২৫,২৩,৬৩১/- (পঁচিশ লক্ষ তেইশ হাজার ছয়শত একত্রিশ) টাকা মাত্র। বিস্তারিত আলোচনান্তে প্রকল্প দুটির সমুদয় বিল সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | -- | ১) প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট মোট =৯,৭৩,০১১/- (নয় লক্ষ তেহাত্তর হাজার এগার) টাকা মাত্র সমুদয় বিল সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট =২৫,২৩,৬৩১/- (পঁচিশ লক্ষ তেইশ হাজার ছয়শত একত্রিশ) টাক মাত্র সমুদয় বিল সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩) বিলসমূহ প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট কে দায়িত্ব প্রদান করা হয়। | (১)উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।<br>(২) উপজেলা প্রকৌশলী হাতীবান্ধা, লালমনিরহাট<br>(৩) ইউডিএফ, ইউজিডিপি হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, অত্র দপ্তরের আওতায় হাতীবান্ধা উপজেলার ০৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে বেসিন স্থাপনের কাজ ঠিকাদার কর্তৃক সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং কমিউনিটি বেস সাপ্লাই পানি সরবরাহের জন্য ০৯ টি ইউনিয়ন পরিষদের মাধ্যমে তালিকা চাওয়া হলেও তা পাওয়া না যাওয়ায় কাজটি আরম্ভ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য এবং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করতে হবে। | ১) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৪. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় অনুপস্থিত বিধায় সমবায় বিভাগের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে উক্ত সমবায় বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | -উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | সমবায় বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৫. | পল্লী উনয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। আলোচনান্তে উক্ত পল্লী উন্নয়ন বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৬. | বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, হাতীবান্ধা, লালমনিরহাট বলেন যে, বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণসহ তিনি সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। আলোচনান্তে উক্ত বন বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার এবং কমিটির সভা নিয়মিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, হাতীবান্ধা, লালমনিরহাট। |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি সভায় বলেন যে, মাধ্যমিক শিক্ষা বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | মাধ্যমিক শিক্ষা বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা হাতীবান্ধা, লালমনিরহ |
| ১৮. | **খাদ্য বিভাগ** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় বলেন যে, মাধ্যমিক শিক্ষা বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। | -- | খাদ্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নি হাতীবান্ধা, লালমনি |
| ১৯. | **হাট-বাজার ব্যবস্থাপনা** | উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা বলেন বাংলা ১৪২৯ সনে হাতীবান্ধা উপজেলার ১৬টি হাট-বাজারের মধ্যে এ পর্যন্ত ১৬টি হাট-বাজার ইজারা/দরপত্র অনুমোদিত হয়েছে। অনুমোদিত ১৩ টি হাট ও বাজারের মধ্যে ১১টি হাট ও বাজার যথাক্রমে ১) বড়খাতা হাট ও বাজার ২) নওদাবাস হাট ৩) কেতকীবাড়ীহাট ৪) দিঘীরহাট ৫) ভেলাগুড়ি কাশিম বাজার ৬) বোর্ডস্কুল হাট ৭)দইখাওয়া হাট, ৮) জাওরানীহাট ৯) হাতীবান্ধাহাট ও বাজার ১০) পারুলিয়া হাট ও বাজার ১১) শহীদ মুক্তিযোদ্ধা বাজার ইজারামূল্যের অবশিষ্ট টাকাসহ ভ্যাট ও আয়কর পরিশোধ করায় চুক্তিনামা সম্পাদনান্তে ইজারা প্রদান করা হয়েছে। দরপত্র না পাওয়ায় (১) গড্ডিমারীহাট ও (২) গেন্দুকুড়ি হাটের খাস আদায় চলছে। এছাড়া অনুমোদিত দরপত্র দাতা ইজারার অবশিষ্ট টাকা পরিশোধ না করায় (১) ডাকালীবান্ধা হাট, (২) মিলন বাজার ও (৩) চেতনারহাট খাস আদায়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সংশ্লিষ্ট ইউনিয়নভূক্ত হাট-বাজারসমূহে খাস আদায় কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ জানান। আলোচনান্তে অনুমোদিত দরদাতা ইজারার অবশিস্ট অর্থ জমা না দিলে তার জামানত বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | -- | ১) যে সকল হাট-বাজারের খাস আদায় কার্যক্রম চলমান সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে খাস আদায় কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২) অনুমোদিত দরদাতা ইজারার অবশিণ্ট অর্থ জমা না দিলে তার জামানত বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজে<br>২। উপজেলা নির্বাহী অ হাতীবান্ধা, লালমনি<br>৩। চেয়ারম্যান, ইউনি (সকল)। |
| ২০. | **বিবিধ** | **(০১) উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গৃহীত ও অনুমোদিত হয়েছে। তিনি অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং সকল সদস্যকে পরিকল্পনা বাস্তবায়নে আন্তরিক ও সক্রিয় থাকার অনুরোধ জানান। | -- | হাতীবান্ধা উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত পরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ ও বাসত্মবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেল হাতীবান্ধা, লালমনিরহ<br>(২) উপজেলা নির্বাহী হাতীবান্ধা, লালমনিরহ<br>(৩) অন্যান্য সংশ্লিষ্ট |
| | | **(০২) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নঃ** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট জন্ম-মৃত্যু নিবন্ধনের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি বলেন জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য নিবন্ধক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবের গুরত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকায় শতভাগ জন্ম ও মৃত্যু যাতে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে, সকল ইউনিয়নে লক্ষ্যমাত্রা এবং পরিদর্শক নিয়োগ করা হয়েছে, গ্রাম পুলিশদের বেশি করে সম্পৃক্ত করতে হবে এবং জন্ম হলে অভিনন্দন পত্র এবং মৃত্যু হলে শোকবার্তা প্রেরণ করার জন্যও তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে অনুরোধ জানান। তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক সকল কাজ পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | -- | সংশ্লিষ্ট সকলের অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফি হাতীবান্ধা, লালমনিরহ সকল ইউপি চেয়ারম্যা সকল। |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | **(০৩) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত বিভিন্ন বিলের ব্যয়োত্তর অনুমোদন :** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত নিম্নবর্ণিত বিল সমূহের ব্যয়োত্তর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন:- | -- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত বিলগুলোর ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়।<br><br>উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন কমিটি গঠন করা হয়েছে। সভাগুলা নিয়মিত করার সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হাতীবান্ধা, লালমনিরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসার হাতীবান্ধা, লালমনিরহাট<br>৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি হাতীবান্ধা, লালমনিরহাট।<br><br>(১) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ<br>(২) সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরসমূহ। |

| ক্রঃ | বিলের বিবরণ | টাকার পরিমাণ | মমন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের অক্টোবর, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ৪০,০০০/- | |
| ২. | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অক্টোবর, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ২৭,০০০/- | |
| ৩. | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ২৭,০০০/- | |
| ৪. | উপজেলা পরিষদে মাষ্টাররোলে কর্মরত মালী ও পরিচ্ছন্নতা কর্মীর অক্টোবর, ২০২২ মাসের পারিশ্রমিক ভাতা | ৩২,৫৫০/- | |
| ৫. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের অক্টোবর, ২০২২ মাসের দৈনিক ভাতা | ১৭,৫০০/- | |
| ৬. | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অক্টোবর, ২০২২ মাসের দৈনিক ভাতা | ১০,৫০০/- | |
| ৭. | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট, ২০২২ হতে অক্টোবর/২০২২ মাসের দৈনিক ভাতা | ৩১,৫০০/- | |
| ৮. | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ মাসের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- | |
| ৯. | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ মাসের আনুষজ্ঞিক ব্যয় | ৫,০০০/- | |
| ১০. | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় | ১,৫০০/- | |
| ১১. | উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ মাসের পেপার বিল বাবদ ব্যয় | ৯০০/- | |
| ১২. | উপজেলা পরিষদের ক্যাম্পাসের নিরাপত্তা বাবদ আনসার সদস্যের অক্টোবর, ২০২২ মাসের মজুরী বাবদ ব্যয় | ৭,৫০০/- | |

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|---|---|---|
| | | **(০৫) মাসিক সভায় কার্যপত্র দাখিল :** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিষয় আলোচনা করতে হলে তা কার্যপত্র আকারে দাখিল করার বিধান আছে। কার্যপত্রে আলোচনার বিষয়, বিষয় সম্পর্কে কার্যপত্র দাখিলকারীর সুস্পষ্ট বক্তব্য/আলোচনা এবং প্রস্তাবিত সিদ্ধান্ত উল্লেখ করতে হবে। তিনি সভার সকল সদস্যকে পরবর্তী সভাসমূহ অনুষ্ঠানের তারিখের পূর্বেই উপজেলা পরিষদে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | -- | বিধি মোতাবেক সভার কার্যবিবরণীতে কোন আলোচনা অন্তর্ভুক্ত করার জন্য অবশ্যই কার্যপত্র দাখিল করতে হবে অন্যথায় কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট সকল বিভ |
| | | **(০৬) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ পূর্বক** উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি পরবর্তী মাস থেকে স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানান। আলোচনান্তে উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি পুনর্গঠন করার এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। | -- | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি পুনর্গঠন করার এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বা হাতীবান্ধা, লাল<br>২) স্থায়ী কমিটি ( এর সদস্য-সচি |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/১১/২

(মশিউর রহমান মামুন)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় স
হাতীবান্ধা, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট
www.hatibandha.lalmonirhat.gov.bd

তারিখ:- ১৫ অগ্রাহয়ণ, ১৪২৯
৩০ নভেম্বর, ২০২২

স্মারক নং:- ০৫.৪৭.৫২৩৩.০০৫. ০১.০০২.২২- (৫০)

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৬ লালমনিরহাট-১।
২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৫। উপজেলা ........................................(সকল) কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট।
৬। চেয়ারম্যান,........................................(সকল) ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৭। জনাব/জনাবা ........................................ হাতীবান্ধা, লালমনিরহাট।
৮। অফিস কপি।

৩০/১১/২০২২
(মোঃ নাজির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট।
ফোন : ০৫৯২৩-৫৬০০২
unohatibandha@mopa.gov.bd

৩০/১১/২০২২

**পরিশিষ্ট "ক"**

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | উপস্থিতি | স্বাক্ষর | ক্রঃ নং | অনুপস্থিত সদস্য |
|---|---|---|---|---|
| ১. | জনাব ধীরেশ্বর সিংহ, উপজেলা পরিবার পরিকল্পনা পরিদর্শক, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১. | জনাব মোঃ আনোয়ার হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ২. | জনাব কৃষিবিদ মোঃ আহসান হাবীব, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ২. | জনাব মোছাঃ জেসমিন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৩. | জনাব আবু হেনা মোস্তফা কালাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ৩. | চেয়ারম্যান, বড়খাতা ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৪. | জনাব মোঃ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ৪. | চেয়ারম্যান, গড্ডিমারী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৫. | জনাব মোঃ রাসেল মিয়া, উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, হাতীবান্ধা, লালমনিরহাট | স্বাক্ষরিত | ৫. | চেয়ারম্যান, সিংগীমারী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৬. | জনাব নাছিমা পারভীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট | স্বাক্ষরিত | ৬. | চেয়ারম্যান, টংভাংগা ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৭. | জনাব মোঃ নজীর হোসেন, উপজেলা প্রকৌশলী, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ৭. | চেয়ারম্যান, সিন্দুর্না ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৮. | জনাব মোঃ নুরন্নবী ইসলাম, অফিস সহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাতীবান্ধা, | স্বাক্ষরিত | ৮. | চেয়ারম্যান, পাটিকাপাড়া ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৯. | জনাব মোঃ আব্দুর রহমান, ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, হাতীবান্ধা, | স্বাক্ষরিত | ৯. | চেয়ারম্যান, ডাউয়াবাড়ী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১০. | জনাব মোঃ শহিদুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১০. | চেয়ারম্যান, নওদাবাস ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১১. | জনাব মোঃ মাইদুল ইসলাম শাহ্, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাতীবান্ধা, | স্বাক্ষরিত | ১১. | চেয়ারম্যান, গোতামারী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১২. | জনাব মোঃ আবু সাঈদ, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১২. | চেয়ারম্যান, ভেলাগুড়ী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৩. | জনাব মোঃ সোহেল রানা, ফিল্ড সুপার ভাইজার, অফিস সহকারী, উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১৩. | চেয়ারম্যান, সানিয়াজান ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৪. | জনাব মোঃ শফিউর রহমান, প্রশিক্ষক, উপজেলা আনসার ও ভিডিপি, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১৪. | চেয়ারম্যান, ফকিরপাড়া ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৫. | জনাব মোঃ মেজবাহ উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। | স্বাক্ষরিত | ১৫. | উপজেলা সমবায় অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৬. | | | ১৬. | জনাব মোঃ নাজমুল হক, ইউডিএফ, হাতীবান্ধা, লালমনিরহাট |
| ১৭. | | | ১৭. | জনাব ডাঃ মোঃ নাঈম হাসান, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৮. | | | ১৮. | জনাব মোঃ জাকির হোসেন সরকার, উপজেলা শিক্ষা অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট। |